

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
www.kkcp.gov.bd

স্মারক নং: ৩২.০১.০০০০.০০৩.১৮.০৫৮.২৪- ১৬২০

তারিখ: ২২/০৮/২০২৪

বিষয়ঃ বন্যা দুর্গত অঞ্চলে “কিশোর-কিশোরী ক্লাব স্থাপন” প্রকল্পের ক্লাব বন্ধ রাখা এবং বরাদ্দ সমন্বয়করণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ‘কিশোর-কিশোরী ক্লাব স্থাপন’ প্রকল্পের আওতায় সারাদেশে ৪৮৮৩ টি ক্লাব চালু আছে। বর্তমানে সিলেট ও চট্টগ্রাম বিভাগসহ দেশের বিভিন্ন স্থানে ভয়াবহ আকস্মিক বন্যা দেখা দিয়েছে। যেসকল উপজেলা আকস্মিক বন্যায় প্রাণিত হয়েছে সেসকল উপজেলায় বন্যা পরিস্থিতির উন্নতি না হওয়া পর্যন্ত ক্লাব কার্যক্রম বন্ধ রাখার জন্য অনুরোধ করা হলো এবং সংশ্লিষ্ট উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর/ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কর্তৃক প্রকল্প পরিচালক বরাবর ক্লাব বন্ধের বিষয়ে পত্র প্রেরণ করবেন। যেসকল ক্লাব বন্ধ থাকবে সেসকল ক্লাবের নাস্তা বাবদ বরাদ্দকৃত অর্থ উত্তোলন না করার জন্য অনুরোধ করা হলো এবং অগ্রিম অর্থ উত্তোলন করে থাকলে তা পরবর্তী মাসের বরাদ্দের সাথে সমন্বয় করার জন্য অনুরোধ করা হলো।

বিতরণঃ

- ১। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর (সংশ্লিষ্ট সকল জেলা)
- ২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল উপজেলা)

মোঃ আলমগীর ২০২৪

প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)
কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে। (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৩. জেলা প্রশাসক (সকল জেলা)।
৪. উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট সকল উপজেলা)।
৫. সহকারী পরিচালক, (ওয়েবসাইটের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৬. ফিল্ড সুপারভাইজার (সকল)
৭. অফিস কপি।